# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৭৭

পর্ব-৩: হায়য ও ইস্তিহাযাহ্ প্রসঙ্গে (كِتَاب الْحَيْضِ وَالِاسْتِحَاضَةِ)

পরিচ্ছেদঃ ১৪: ঋতুমতীর সাথে একত্রে খাদ্য খাওয়া ও তার উচ্ছিষ্ট থেকে পান করা

باب مؤاكلة الحائض والشرب من سؤرها

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدِ بْنِ جَمِيلِ بْنِ طَرِيفٍ، قال: أَنْبَأَنَا يَزِيدُ ابْنُ الْمِقْدَامِ بْنِ شُرَيْحِ بْنِ هَانِئٍ، عَنْ أَبِيهِ شُرَيْحٍ، أَنَّهُ سَأَلَ عَائِشَةَ: هَلْ تَأْكُلُ الْمَرْأَةُ مَعَ زَوْجِهَا وَهِيَ طَامِثٌ ؟ قَالَتْ: نَعَمْ، كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدْعُونِي فَآكُلُ مَعَهُ وَأَنَا عَارِكٌ، كَانَ يَأْخُذُ الْعَرْقَ فَيُقْسِمُ عَلَيَّ فِيهِ فَأَعْتَرِقُ مِنْهُ ثُمَّ أَضَعُهُ فَيَأْخُذُهُ فَيَعْتَرِقُ مِنْهُ وَيَضَعُ فَمَهُ حَيْثُ وَضَعْتُ فَمِي مِنَ الْعَرْقِ، وَيَدْعُو بِالشَّرَابِ فَيُقْسِمُ عَلَيَّ فِيهِ مِنْ قَبْلِ أَنْ يَشْرَبَ مِنْهُ فَآخُذُهُ فَأَشْرَبُ مِنْهُ ثُمَّ أَضَعُهُ فَيَأْخُذُهُ فَيَشْرَبُ مِنْهُ وَيَضَعُ فَمَهُ حَيْثُ وَضَعْتُ فَمِي مِنَ الْقَدَحِ .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٧٠ (صحيح الإسناد)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 377 ـ صحيح الإسناد

বাংলা

৩৭৭. কুতায়বাহ্ ইবনু সা’ঈদ ইবনু জামীল ইবনু ত্বরীফ (রহ.) ... শুরয়হ (রহ.) হতে বর্ণিত। তিনি ’আয়িশাহ (রাঃ)-কে জিজ্ঞেস করেন, স্ত্রী কি তার স্বামীর সাথে হায়য অবস্থায় খেতে পারে? তিনি বললেন। হ্যা! রাসূলুল্লাহ (সা.) আমাকে ডাকতেন আর আমি তার সাথে একত্রে খাবার খেতাম, অথচ তখন আমি ঋতুমতী। তিনি একটি মাংসযুক্ত হাড় নিতেন আর তা খাওয়ার ব্যাপারে আমাকে বাধ্য করতেন, আমি তা হতে মাংস খেতাম, পরে তা রেখে দিতাম। তিনি তা নিয়ে নিজেও খেতেন আর আমি হাড়ের যেখানে আমার মুখ রাখতাম তিনি সেখানেই তাঁর মুখ রাখতেন। আর তিনি পানীয় আনতে বলতেন এবং তিনি তা হতে নিজে পান করবার আগে আমাকে পান করার জন্যে বাধ্য করতেন, তখন আমি ঐ পাত্র হতে পান করতাম। তারপর তা রেখে দিতাম, তিনি তা হাতে

নিতেন এবং তা হতে পান করতেন, তিনি তার মুখ পেয়ালার ঐ স্থানেই রাখতেন যেখানে আমি আমার মুখ রাখতাম।

## English

14. Eating With A Menstruating Woman And What Is Leftover After Her

It was narrated from Shuraih that he asked 'Aishah: Can a woman eat with her husband while she is menstruating?' She said: 'Yes. The Messenger of Allah (ﷺ) would call me to eat with him while I was menstruating. He would take a piece of bone on which some bits of meat were left and insist that I take it first, so I would nibble a little from it, then put it down. Then he would take it and nibble from it, and he would put his mouth where mine had been on the bone. Then he would call for a drink and insist that I take it first before he drank from it. So I would take it and drink from it, then put it down, then he would take it and drink from it, putting his mouth where mine had been on the cup.'

### ফুটনোট

সহীহ: মুসলিম ৩০০, আবূ দাউদ ২০৯, ইবনু মাজাহ ৬৪৩, ইওয়াউল গালীল ১৯৭২। [দ্রঃ ৭০]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ শুরায়হ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86648

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন